যুগান্তর

তারিখ 26 JUL 2015
পৃষ্ঠা ১৮ কলাম ২

# পুঠিয়া মহিলা ডিগ্রি কলেজে নিয়োগ পরীক্ষা স্থগিত

পুঠিয়া (রাজশাহী) প্রতিনিধি

রাজশাহীর পুঠিয়া ইসলামিয়া মহিলা কলেজের ইংরেজি বিভাগে শূন্যপদে শিক্ষক নিয়োগ বাণিজ্যের দর কষাকষি ও অর্থের ভাগবাটোয়ারা নিয়ে চরম কোন্দল দেখা দিয়েছে। এসব ঘটনায় শেষ মুহূর্তে নিয়োগের দিন সকালে পরীক্ষা স্থগিত ঘোষণা করেছেন কলেজ অধ্যক্ষ। আর এতে করে বিভিন্ন অঞ্চল থেকে আগত পরীক্ষায় অংশ গ্রহণকারী প্রার্থীরা চরম ক্ষোভ প্রকাশ করেছেন। কলেজ সূত্রে জানা গেছে, সম্প্রতি পুঠিয়া ইসলামিয়া মহিলা কলেজে ইংরেজি বিভাগে শূন্যপদে শিক্ষক নিয়োগ প্রসঙ্গে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে স্থানীয়সহ বিভিন্ন জেলার ৩০ জন প্রার্থী অধ্যক্ষ বরাবর আবেদন করেন। সে মোতাবেক প্রতিটি প্রার্থীকে যথা সময়ে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণ করতে পত্র প্রেরণ করা হয়। শনিবার বিকাল ৩টায় শিক্ষক নিয়োগ পরীক্ষার জন্য রাজশাহী নিউ ডিগ্রি কলেজে সব আয়োজন সম্পন্ন করা হয়। শিক্ষক নিয়োগ বোর্ডের প্রধান নির্বাচক হিসেবে আমন্ত্রণ জানানো হয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর ড. আতর আলী ও নিউ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জার্জিস আহমদকে। কিন্তু হঠাৎ করে নিয়োগ পরীক্ষার দিন (শনিবার) সকালে পুঠিয়া ইসলামিয়া মহিলা কলেজ অধ্যক্ষ শিহাব হোসেন নিয়োগ স্থগিত ঘোষণা করেন।